



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নার্সিং সেবা-২ অধিশাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২৭.০০৫.১৯-৬৮

তারিখ: ১৪২৭ বঙ্গাব্দ
/২০২০ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ সালের ৩ (সি) ধারা মোতাবেক জনাব জনি কান্তি দে (পিতা: অরুন কান্তি দে)-সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী-এর বিরুদ্ধে ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা দায়েরপূর্বক গত ১৭/০১/২০১৮ খ্রি: তারিখ ডিজিএনএম/শা-১/১জ-০৬/২০১৬/১৩ সংখ্যক স্মারকে অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি উক্ত বিভাগীয় মামলার জবাব দাখিল করেননি।

জনাব জনি কান্তি দে (পিতা: অরুন কান্তি দে)-সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী-এর দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০৫/০৩/২০১৯ খ্রি: তারিখের ডিজিএনএম/শা-১/১জ-০৬/২০১৬/১০৯ সংখ্যক স্মারকে ০১(এক) জন কর্মকর্তাকে ০১ সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ডের ১৪/০৩/২০১৯ খ্রি: তারিখের তদন্ত কার্যক্রমে তিনি হাজির হননি। তদন্ত বোর্ড বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ২১/০৩/২০১৯ খ্রি: তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ সালের ৩(গ) বিধি মোতাবেক আনীত “অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির” অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড মতামত দেন।

পরবর্তীতে গত ২৫/০৮/২০১৯ খ্রি: তারিখের ডিজিএনএম/শা-১/১জ-০৬/২০১৬/৩৪০ সংখ্যক স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি। পরবর্তীতে তাকে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal) করার নিমিত্ত ২৭/১১/২০১৯ খ্রি: তারিখ ডিজিএনএম-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬৭.১৯-৪৩৮ সংখ্যক স্মারকে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের মতামত গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে মোতাবেক গুরুদন্ডাদেশ আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে গত ২২/০১/২০২০ খ্রি: তারিখ ৮০.০০.০০০০.১০৭.৩৪.০০১.২০-১২ সংখ্যক স্মারকে বাংলাদেশ সরকারি কর্মকমিশন উক্ত শাস্তি প্রদানে একমত পোষণ করেন।

সেহেতু, এফ্রনে তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করত: মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের মতামতের ভিত্তিতে জনাব জনি কান্তি দে (পিতা: অরুন কান্তি দে)-সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধির আওতায় ‘অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির’ তারিখ ২৮/০৫/২০১৭ইং হতে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক “সরকারি চাকরি থেকে বরখাস্তের (Dismissal from Services)” শাস্তি প্রদান করা হলো।

স্বাক্ষরিত:-৩১.০৮.২০২০

সচিব

মো. আবদুল মান্নান

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২৭.০০৫.১৯- ৩ ৫/৭ (৩০)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০১/০৯/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাসেবি, স্বাপকম (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫) সিভিল সার্জন, ফেনী।
- ৬) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
- ৭) উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
- ৮) নার্সিং সুপাভাইজার, সোনাগাজী, ফেনী।
- ৯) জনাব জনি কান্তি দে (পিতা: অরুন কান্তি দে)-সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সোনাগাজী, ফেনী।
- ১০) স্থায়ী ঠিকানা-জনাব জনি কান্তি দে (পিতা: অরুন কান্তি দে)-সিনিয়র স্টাফ নার্স, সাকিন: ৪৫০, আলী নেওয়াজ লেইন, ডিসি রোড দেওয়ান বাজার, পশ্চিম বাকালিয়া, পো: বাকালিয়া, থানা- চকবাজার, জেলা-চট্টগ্রাম।
- ১১) অফিস কপি।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নার্সিং সেবা-২ শাখা
ই-মেইল nur2@hds.gov.bd
ফোন নং-৯৫১১০২৭।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নার্সিং সেবা-২ অধিশাখা
www.hsd@gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২৭.০১৪.২০-

তারিখ: ২২ জুলাই/১৪২৭বঙ্গাব্দ
০৬/০৭/২০২০ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু, “সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫” এর ৩(সি) ধারা মোতাবেক জনাব ছালমা আক্তার (পিতা-এসকে আব্দুল মজিদ), সিনিয়র স্টাফ নার্স, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম এর বিরুদ্ধে ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা দায়েরপূর্বক গত ১৯/০৮/২০১৪ খ্রি: তারিখের ৬৬৩৫ সংখ্যক স্মারকে অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে তিনি উক্ত বিভাগীয় মামলার জবাব দাখিল করেননি।

যেহেতু, জনাব ছালমা আক্তার (পিতা-এসকে আব্দুল মজিদ), সিনিয়র স্টাফ নার্স, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম এর দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ২৫/০৫/২০১৫খ্রি: তারিখের ২৭৯১ সংখ্যক স্মারকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ডের ০৬/০৭/২০১৫খ্রি: তারিখের তদন্ত কার্যক্রমে তিনি হাজির হননি। তদন্ত বোর্ড বিভাগীয় মামলাটি তদন্তপূর্বক ২৫/১১/২০১৫খ্রি: তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫” এর ৩(সি) বিধি মোতাবেক আনীত “অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির” অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত বোর্ড মতামত দেন।

যেহেতু, পরবর্তীতে গত ২২/১২/২০১৬খ্রি: তারিখের ডিজিএনএম/শা-১/১৬-১৫৭/২০১৩/১০৮০৪ সংখ্যক স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি। ফলে জনাব ছালমা আক্তার, সিনিয়র স্টাফ নার্স এর পদটি ১০ম গ্রেডের। এ শ্রেণীর কর্মকর্তাকে সরকারি থেকে বরখাস্ত (Dismissal) করার ক্ষেত্রে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত গ্রহণের আবশ্যিকতা রয়েছে। তদানুযায়ী মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের গত ২৪/১২/২০১৯ খ্রি: তারিখ ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৩.১৯-৪৮৬ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হলে গত ১০ আগস্ট ২০২০ খ্রি: তারিখ ৮০.০০.০০০০.১০৭.৩৪.০০৯.২০-৭৫ সংখ্যক স্মারকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন গৃহীত গুরুদ্রুত অর্থাৎ সরকারি থেকে বরখাস্ত করার সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

সেহেতু, এক্ষণে তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করত: মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত অনুযায়ী জনাব ছালমা আক্তার (পিতা-এসকে আব্দুল মজিদ), সিনিয়র স্টাফ নার্স, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম-কে “সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩(গ) বিধির আওতায় ‘অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির’ তারিখ ০১/১১/২০১৩ ইং হতে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক “সরকারি চাকরি থেকে বরখাস্তের (Dismissal from Services)” শাস্তি প্রদান করা হলো।

স্বাক্ষরিত:- ০৬/০৯/২০২০ খ্রি:

সচিব

(মো. আবদুল মান্নান)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ই-মেইল nur2@hsd.gov.bd


ফোন নং-৯৫১১০২৭।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.২৭.০১৪.২০- ৪২/৩ (৩৩)

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০৬/০৯/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাসেবি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) যুগ্ম সচিব (নার্সিং ও মিডওয়াইফারি অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাসেবি, স্বাপকম (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭) সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৮) পরিচালক, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম।
- ৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম।
- ১০) জনাব ছালমা আক্তার (পিতা-এসকে আব্দুল মজিদ), সিনিয়র স্টাফ নার্স, বিআইটিআইডি, ফৌজদারহাট, চট্টগ্রাম।
- ১১) স্থায়ী ঠিকানা- জনাব ছালমা আক্তার (পিতা-এসকে আব্দুল মজিদ), সিনিয়র স্টাফ নার্স, বালিয়া ডাঙা ১নং পোঃ শাহ আউলিয়া বাগ, উপজেলা ফকিরহাট, জেলাঃ বাগেরহাট।
- ১২) অফিস কপি।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
নার্সিং সেবা-২ শাখা
ই-মেইল nur2@hds.gov.bd
ফোন নং-৯৫১১০২৭।